

অতিরিক্ত মূখ্য বিচার বিভাগীয় বিচারকের আদালত
আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা

উপস্থিত :- শ্রী সুতীর্থ ব্যনার্জী । (J.O. CODE - WBOO980)
অতিরিক্ত মূখ্য বিচার বিভাগীয় বিচারক
আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা ।

এ.সি:- ৩৭ / ২০২০
C.N.R NO- WBSPO5 - 000122 - 2020

আদেশ দানের তারিখ:- ইংরাজী ০১/ ০৪//২০২২.

অদ্য ফৌজদারী কার্যবিধি আইনের ২০০ ধারার বিধান মোতাবেক প্রাথমিক এজাহার গ্রহন করিবার জন্য তারিখ ধার্য্য রহিয়াছে।

অভিযোগকারী দীনবন্ধু ভট্টাচার্য্য ব্যক্তিগত রূপে আদালতে উপস্থিত রহিয়াছেন।

অভিযোগকারীর নিয়োজিত মাননীয় আইনজিবীর বক্তব্য শোনা হইল।

ফৌজদারী কার্যবিধি আইনের ২০০ ধারার বিধান মোতাবেক অভিযোগকারী দীনবন্ধু ভট্টাচার্য্যের প্রাথমিক এজাহার গ্রহন করা হইল।

অভিযোগকারীর দাখিলী দরখাস্ত, প্রাথমিক এজাহার এবং তৎসহ মামলার নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হইল। বিবেচনা করা হইল।

নালিশী দরখাস্তের বিষয়বস্তু এবং প্রাথমিক এজাহার পর্যালোচনা পূর্বক আদালত আপাতদৃষ্টিতে এই মর্মে সিদ্ধান্ত গ্রহন করিতেছেন যে, অভিযুক্ত সৌম্য সেনগুপ্তের বিরুদ্ধে হস্তান্তর যোগ্য লেখ্য আইনের ১৩৮ ধারার বিধান মোতাবেক সমন জারী করিবার ন্যয় যথেষ্ট উপাদান রহিয়াছে।

এ.সি:- ৩৭/ ২০২০

(২)

তদনুসারে অভিযুক্ত সৌম্য সেনগুপ্তের বিরুদ্ধে হস্তান্তর যোগ্য লেখ্য আইনের ১৩৮ ধারার বিধান মোতাবেক সমন জারী করিবার জন্য নির্দেশ দেওয়া হইল।

ইংরাজী ১৪/০৬/২০২২ তারিখ সমন জারীর প্রতিবেদন ফেরৎ এবং অভিযুক্ত ব্যক্তির আদালতে হাজিরার জন্য তারিখ ধার্য করা হইল।

আদালতের আদেশানুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর